05 NOV 1994
তারিখ 05 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

দৈনিক ইনকিলাব

17

## শিক্ষাঙ্গন

### পরীক্ষার ফলাফল আদৌ প্রকাশ হবে কি?

আমরা ১৯৯০ সালের এম এস এস (অর্থনৈতিক) শেষ পর্ব সনাতন-এর পরীক্ষার্থী, যা গত বছর অর্থাৎ ১৯৯৩ সালের ডিসেম্বর/জানুয়ারীতে অনুষ্ঠিত হয়েছে। কিন্তু বড়ই দুঃখের বিষয়, আজ পর্যন্ত প্রায় ১০ মাস অতিবাহিত হলেও আমাদের পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়নি। মাত্র কয়েকশ' ছাত্র-ছাত্রীর ফলাফল তৈরী করতে এত সময় লাগার কথা নয়। তাছাড়া ১৯৯১ সালের এম এস এস শেষ পর্বের পরীক্ষা আগামী ২৭ নভেম্বর থেকে শুরু হবে। এমতাবস্থায় যারা ফলাফল খারাপ করবে, তাদের কি অবস্থা হবে সেটা কি কর্তৃপক্ষ ভেবে দেখেছেন?

আমাদের ভাবতে অবাক লাগে যে, একই দেশে শিক্ষার কেন এত বৈষম্য বিদ্যমান। যেখানে বিশ্ববিদ্যালয়গুলোতে পরীক্ষা হওয়ার ২/৩ মাসের মধ্যে ফলাফল প্রকাশ করা হয়, সেখানে কলেজগুলোর পরীক্ষার ফলাফল ১০ মাসেও প্রকাশ করা হয় না। এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের পরীক্ষা কমিটির চেয়ারম্যান সাহেবকে প্রশ্ন করা হয়েছিল। তিনি যে জবাব দিলেন তা থেকে মনে হল, আমাদের পরীক্ষা দেয়াটাই অপরাধ হয়েছে। তিনি আরও বললেন, যারা ফেল করেছে তাদের তালিকা সংশ্লিষ্ট কলেজে পাঠানো হয়েছে। সচেতন বিবেকের কাছে আমাদের প্রশ্ন, যেখানে পরীক্ষার ফল প্রকাশ করা হয়নি— সেখানে ফেল করার তালিকা কিভাবে প্রস্তুত করা হলো?

আবার শুনতে পেলাম, আমাদের পরীক্ষার একটি পেপারের উত্তরপত্র হারিয়ে গেছে। আমাদের প্রশ্ন, যদি এ খবর সত্য হয়, তবে পরীক্ষার্থীদের কিভাবে নাম্বার দেয়া হবে? এর জন্য যদি ছেলেমেয়েদের ফলাফল খারাপ হয়, তবে এর জন্য দায়ী কে হবে?

এ ব্যাপারে আমরা দেশের সচেতন সমাজ/বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আদৌ আমাদের ফলাফল প্রকাশ করা হবে কি?

আলম, সিরাজ, জুয়েল, মীরু, রত্না,
নাসরীন, লীনা, খোকন, চন্দনা, রীতা,
এনায়েত, অহিদ,
জগন্নাথ, বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা।